

## ভারতের ৩২টি বিমানবন্দর সাময়িক বন্ধ ঘোষণা

- A Monitor Desk Report

Date: 10 May, 2025



**ঢাকাঃ পাকিস্তানের সঙ্গে পাল্টাপাল্টি হামলার মধ্যে ভারতের উত্তর ও পশ্চিমাঞ্চলের ৩২টি বিমানবন্দর ১৫ মে সকাল পর্যন্ত সাময়িকভাবে বন্ধ করা হয়েছে।**

কিছু ‘অপারেশনাল কারণে’ এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানিয়েছে এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়া। একইসঙ্গে বিমানবন্দরগুলোতে কঠোর নিরাপত্তাও জোরদার করা হয়েছে।

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, ভারতের বেসামরিক উড়োজাহাজ পরিবহন মন্ত্রণালয় একটি নির্দেশিকা জারির মাধ্যমে ৩২টি বিমানবন্দরের সব বেসামরিক উড়োজাহাজ চলাচল স্থগিত করেছে।

বিবৃতি অনুসারে, বিমানকর্মীদের প্রতি দেয়া নোটিশগুলো অস্থায়ীভাবে কার্যকর থাকবে এবং ১৫ মে সকাল পর্যন্ত উত্তর ও পশ্চিমাঞ্চলের ৩২টি বিমানবন্দরে কার্যক্রম স্থগিত করা হয়েছে।

যে ৩২টি বিমানবন্দরের ফ্লাইট বন্ধ : আধমপুর, আম্বালা, অমৃতসর, আওয়াল্পিপুর, বাখিন্দা, ভূজ, বিকানের, চণ্ডীগড়, হালওয়ারা, হিন্দন, জয়সলমের, জম্মু, জামনগর, জোখপুর, কাডলা, কাংড়া (গগ্নল), কেশোড, কিশনগড়, কুল্লু মানালি (ভুল্টার), লেহ, লুখিয়ানা, মুন্দরা, নালিয়া, পাঠানকোট, পাতিয়ালা, পোরবন্দর, রাজকোট (হিরাসার), সরসাওয়া, শিমলা, শ্রীনগর, থোইসে ও উত্তরলাই।

এদিকে, দুই দেশের তীব্র উত্তেজনার মধ্যে ন্যাশনাল কমান্ড অথরিটির (এনসিএ) বৈঠক ডেকেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ। শনিবার সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়, এনসিএ দেশটির স্থল, আকাশ ও নৌ বাহিনীর জন্য যৌথ কৌশল প্রণয়নে ভূমিকা রাখে। তবে এর আরও গুরুত্বপূর্ণ লক্ষ্য হলো পাকিস্তানের পারমাণবিক অস্ত্রের দেখভাল করা এবং এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া।

